গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ক্রীড়া-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০০০.০৮০.৯৯.০০১৬.২৬.৪৮১

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
০৯ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় এবং মাদ্রাসায় নতুন কুঁড়ি স্পোর্টস এর ১০ ইভেন্টসহ আর্চারি, শ্যুটিং ও হকি খেলার নিয়মিত অনুশীল এবং প্রতিযোগিতার আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশে ক্রীড়া উন্নয়নে সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে তৃণমূল পর্যায়ে ১০-১৪ বছর বয়সী শিশু-কিশোরদের মধ্য থেকে প্রতিভাবান খেলোয়াড় খুঁজে বের করে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে দক্ষ ক্রীড়াবিদ হিসাবে গড়ে তোলার লক্ষ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াধীন ক্রীড়া পরিদপ্তর কর্তৃক 'নতুন কুঁড়ি স্পোর্টস' নামে একটি বিশেষ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। মাদকাসক্তি ও অতিরিক্ত ডিজিটাল আসক্তি মোকাবেলার মাধ্যমে ভবিষ্যৎ প্রজন্মকে সুস্থ, আত্মবিশ্বাসী ও দেশপ্রেমিক নাগরিক হিসেবে গড়ে তোলা এবং ক্রীড়াকে একটি সম্মানজনক পেশা হিসেবে প্রতিষ্ঠা করার ক্ষেত্রে 'নতুন কুঁড়ি স্পোর্টস' গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। 'নতুন কুঁড়ি স্পোর্টস' এর মাধ্যমে নির্বাচিত প্রতিভাবান খেলোয়াড়দের জন্য রয়েছে সরকারি ক্রীড়া বৃত্তি এবং বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানে উন্নত প্রশিক্ষণের সুযোগ।

০২। উল্লেখ্য, 'নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬-২০২৭' (সিজন-২) প্রতিযোগিতায় শিশু-কিশোরদের ব্যাপক অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে বয়সসীমা ১০-১৪ বছর নির্ধারণ করা হয়েছে এবং বর্তমানে ১০টি ইভেন্ট: ফুটবল, টি-টেন ক্রিকেট, কাবাডি, অ্যাথলেটিক্স, ব্যাডমিন্টন, দাবা, সাঁতার, মার্শাল আর্ট (কারাতে/উশু/তাইকোয়ানডো/জুডো), ভলিবল ও টেবিল টেনিস এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

০৩। দেশের সকল প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় এবং মাদ্রাসার ১০-১৪ বছর বয়সী শিশু-কিশোরদের সুপ্ত ক্রীড়া প্রতিভা অন্বেষণ, সঠিক বাছাই এবং রাষ্ট্রীয়ভাবে তাদের মেধাবিকাশের সুযোগ সৃষ্টির পাশাপাশি মাদকাসক্তি ও ডিজিটাল আসক্তির ভয়াবহতা থেকে মুক্ত রাখতে খেলাধুলার এক শক্তিশালী প্ল্যাটফর্ম হিসেবে 'নতুন কুঁড়ি স্পোর্টস' ব্যাপকভাবে সমাদৃত হচ্ছে। এ সকল বিষয়াদি বিবেচনায় 'নতুন কুঁড়ি স্পোর্টস' প্রতিযোগিতায় শিশু-কিশোরদের ব্যাপক অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে দেশের সকল প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় এবং মাদ্রাসাসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানের বর্ষপঞ্জিতে অন্তর্ভুক্তি করে অনুশীলন ও নিয়মিত প্রতিযোগিতার আয়োজন করা প্রয়োজন।

০৪। এমতাবস্থায়, দেশের সকল প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় এবং মাদ্রাসায় 'নতুন কুঁড়ি স্পোর্টস' প্রতিযোগিতার ১০টি ইভেন্টসহ আর্চারি, শ্যুটিং ও হকি খেলার অনুশীলন ও প্রতিযোগিতা নিয়মিত আয়োজনের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

যুগ্মসচিব (প্রশাসন-৩) এর দপ্তর
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
ডকেট নং: ২৬৭
তারিখ: ২৪/১০/২৬
☐ উপসচিব/সি:সহ:সচিব (সমন্বয়)
☐ উপসচিব/সি:সহ:সচিব (সংসদ)
☐ সি:এনালিস্ট/প্রোগ্রামার (আইসিটি)
☐ ব্যক্তিগত কর্মকর্তা
☐ অন্যান্য

০৯-১০-২০২৬
মুঃ গোলাম মোস্তফা
উপসচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। সচিব, , প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এবং
৩। সচিব, সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

শাখা প্রধান (অবঃ)
যুগ্মসচিব (প্রশাসন-৩) অবগতির জন্য প্রেরিত।
অংশগ্রহণ ডিসিপ্লিন্ড ইভেন্টে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে।
হাউজ/পেশার নির্ধারিত কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করবেন।
১৪.১০.২৬

Anisul Islam (15013)
Joint Secretary
Technical and Madrasah Education Division
Ministry of Education
Govt. of the People's Republic of Bangladesh

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০০০.০৮০.৯৯.০০১৬.২৬.৪৮১/১ (৪)

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
০৯ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব, ক্রীড়া-২ অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। পরিচালক, , ক্রীড়া পরিদপ্তর, আদমজী কোর্ট এনেক্স ভবন-২, মতিঝিল, ঢাকা;
৩। সচিবের একান্ত সচিব, , যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এবং
৪। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, , যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৯-১০-২০২৬
মুঃ গোলাম মোস্তফা
উপসচিব